কবি নজরুল ইনস্টিটিউট
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

# কবি নজরুল ইনস্টিটিউট গবেষণা ও বৃত্তি/অনুদান/মঞ্জুরী প্রদান নীতিমালা ২০২৪

১. **নামকরণ**

এ নীতিমালা 'কবি নজরুল ইনস্টিটিউট গবেষণা ও বৃত্তি/অনুদান/মঞ্জুরী প্রদান নীতিমালা ২০২৪' নামে অভিহিত হবে।

২. **লক্ষ্য ও উদ্দেশ্য**

(ক) কবি নজরুল ইনস্টিটিউটের রূপকল্প, অভিলক্ষ্য ও কার্যাবলির সাথে সম্পর্কিত বিষয়ে মৌলিক গবেষণা কাজে গবেষকদের বৃত্তিপ্রদানসহ যথাযথ উৎসাহ প্রদানের মাধ্যমে জাতীয় কবির সৃষ্টি কর্মের চেতনা বিকাশ ও প্রসারে ভূমিকা রাখা;

(খ) নজরুলের জীবন ও কর্মের উপর গবেষণা কার্যক্রম পরিচালনার জন্য প্রতি বছর অনূর্ধ্ব ৬(ছয়) জন ব্যক্তি/প্রতিষ্ঠানকে নির্বাচিত করা;

(গ) কবি নজরুলের জীবন ও কর্ম সম্পর্কে গবেষণালব্ধ জ্ঞান আগামী প্রজন্মের মধ্যে সঞ্চারিত করার লক্ষ্যে ইনস্টিটিউটের বার্ষিক কর্ম পরিকল্পনায় প্রয়োগ ও বাস্তবায়ন।

৩. **গবেষণার ক্ষেত্র**

কবি নজরুল ইনস্টিটিউটের রূপকল্প, অভিলক্ষ্য ও কার্যাবলির সাথে সম্পৃক্ত নজরুল জীবন ও কর্ম সম্পর্কিত গবেষণা।

৪. **গবেষকের যোগ্যতা**

(ক) বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, গবেষণা প্রতিষ্ঠান/বিভিন্ন দপ্তরের কর্মকর্তা/কর্মচারী অথবা যে কোনো শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক/শিক্ষার্থী/ব্যক্তি পর্যায়ে লব্ধপ্রতিষ্ঠ গবেষকগণ মুখ্য গবেষক হিসেবে আবেদন করতে পারবেন;

(খ) গবেষকদের ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা হবে স্নাতকোত্তর। তবে নজরুলের জীবন ও কর্ম বিষয়ে প্রভূত জ্ঞান সম্পন্ন বিশেষ কোনো ব্যক্তি বা দলের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য।

৫. **গবেষণা প্রস্তাবের ধরন ও সময়সীমা**

গবেষণার জন্য অনুমোদিত বাজেট দ্বারা নজরুলের জীবন ও কর্ম বিষয়ে গবেষণা কার্যক্রম পরিচালিত হবে যা ১(এক) বছরের মধ্যে সম্পন্ন করতে হবে। একটি পূর্ণাঙ্গ গবেষণা প্রস্তাব ৪০০০ (চার হাজার) শব্দের মধ্যে সীমাবদ্ধ থাকবে।

৬. **গবেষণা প্রস্তাব আহ্বান**

প্রতি অর্থ বছরের শুরুতে সুবিধাজনক সময়ে কবি নজরুল ইনস্টিটিউট দুইটি বহুল প্রচারিত (একটি বাংলা এবং একটি ইংরেজি) জাতীয় দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তির মাধ্যমে নির্ধারিত ফরমেটে গবেষণা প্রস্তাব আহ্বান করবে। এছাড়াও সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এবং কবি নজরুল ইনস্টিটিউটের ওয়েবসাইটে এ সংক্রান্ত পূর্ণাঙ্গ তথ্য প্রকাশ করা হবে।

৭. **গবেষণা প্রস্তাবের কাঠামো**

গবেষণা প্রস্তাবের নির্ধারিত ফরমেটে প্রধানত: নিম্নলিখিত বিষয়গুলো অন্তর্ভুক্ত থাকবে:

(ক) গবেষণার বিষয়ভিত্তিক একটি শিরোনাম;
(খ) ভূমিকা/গবেষণা সমস্যা;
(গ) গবেষণা প্রশ্ন;
(ঘ) গবেষণার উদ্দেশ্য;
(ঙ) গবেষণার পরিধি;
(চ) গবেষণার যৌক্তিকতা;
(ছ) গবেষণা পদ্ধতি;
(জ) গবেষণায় তথ্য ও উপাত্ত সংগ্রহের পদ্ধতি ও ক্ষেত্রসমূহ;
(ঝ) গবেষণা কার্যক্রমে নিয়োগযোগ্য ব্যক্তিবর্গ;
(ঞ) সাহিত্য পর্যালোচনা;
(ট) কর্মপরিকল্পনা/সময়সীমা (গ্যান্ট (Gantt) চার্টসহ);
(ঠ) গবেষণা কার্যক্রমের পরিচালকের/গবেষকের জীবন বৃত্তান্ত;
(ড) বাজেট (খাত-ভিত্তিক বিভাজনসহ)।

৮. **গবেষণা প্রস্তাব মূল্যায়ন**

প্রাপ্ত গবেষণা প্রস্তাবসমূহ নিম্নের ছক মোতাবেক মোট ৫০ নম্বরের ভিত্তিতে মূল্যায়িত হবে:

| ক্রমিক | নির্ণায়ক | নম্বর |
|---|---|---|
| ১. | গবেষণা/সমীক্ষার বিষয় ও ইনস্টিটিউটের রূপকল্প ও অভিলক্ষ্যের সাথে এর সংশ্লিষ্টতা | ১০ |
| ২. | প্রস্তাবের মৌলিকত্ব | ১০ |
| ৩. | গবেষক/গবেষকদের শিক্ষাগত যোগ্যতা | ১০ |
| ৪. | গবেষকের গবেষণার অভিজ্ঞতা | ১০ |
| ৫. | গবেষকের প্রকাশনার মান ও সংখ্যা | ১০ |
| | মোট= | ৫০ |

৯. **গবেষণা প্রস্তাব বাছাই ও মূল্যায়ন কমিটি**

গবেষণা প্রস্তাব যথাযথভাবে বাছাই ও সুপারিশ প্রণয়নের নিম্নলিখিত সদস্য সমন্বয়ে একটি কমিটি থাকবে:

যাচাই/বাছাই/পরিবীক্ষণ ও মূল্যায়ন কমিটি:

| ক্রমিক | বিবরণ | মন্তব্য |
|---|---|---|
| ১. | নির্বাহী পরিচালক, কবি নজরুল ইনস্টিটিউট | আহ্বায়ক |
| ২. | ট্রাস্টি বোর্ডের সদস্য (মন্ত্রণালয়ের প্রতিনিধি) | সদস্য |
| ৩. | বরেণ্য নজরুল বিশেষজ্ঞ-২(দুই) জন প্রতিনিধি | বহি:সদস্য |
| ৪. | বাংলা একাডেমির মনোনীত প্রতিনিধি-১(এক) জন (নজরুলের জীবন ও কর্ম সম্পর্কে অভিজ্ঞ) | সদস্য |
| ৫. | সহকারী পরিচালক (গবেষণা ও প্রকাশনা বিভাগ), কবি নজরুল ইনস্টিটিউট, ঢাকা | সদস্য |
| ৬. | পরিচালক (উপসচিব), কবি নজরুল ইনস্টিটিউট, ঢাকা | সদস্য-সচিব |

কমিটির কার্যপরিধি :

(ক) দাখিলকৃত গবেষণা প্রস্তাবসমূহ যাচাই-বাছাই ও পরীক্ষান্তে অনুচ্ছেদ ৮ এ বর্ণিত মূল্যায়ন নম্বরের ভিত্তিতে আবেদনকারীদের একটি সংক্ষিপ্ত তালিকা তৈরি করবে।

(খ) প্রস্তুতকৃত সংক্ষিপ্ত তালিকা চূড়ান্তভাবে নির্ধারণ করার জন্য চূড়ান্ত অনুমোদন কমিটির নিকট সুপারিশসহ দাখিল করবে।

(গ) নিয়মিতভাবে চলমান গবেষণার অগ্রগতি পরিবীক্ষণ ও মূল্যায়ন করবে এবং গবেষণান্তে গবেষক কর্তৃক চূড়ান্ত ফলাফল/প্রতিবেদন জমাদানের ০৩ (তিন) মাসের মধ্যে একটি মূল্যায়ন প্রতিবেদন নির্বাহী পরিচালক, কবি নজরুল ইনস্টিটিউট বরাবর প্রেরণ করবে।

১০. **গবেষণা প্রস্তাব চূড়ান্ত অনুমোদন কমিটি**

কবি নজরুল ইনস্টিটিউট ট্রাস্টি বোর্ড গবেষণা প্রস্তাব চূড়ান্ত অনুমোদন কমিটি হিসেবে দায়িত্ব পালন করবে।

কমিটির কার্যপরিধি:

(ক) প্রস্তাব যাচাই-বাছাই কমিটি কর্তৃক সুপারিশকৃত প্রস্তাবসমূহ অনুমোদন করবে অথবা পুনর্মূল্যায়নের জন্য দিক নির্দেশনা প্রদান করবে।

(খ) প্রস্তাব যাচাই-বাছাই কমিটি কর্তৃক চূড়ান্ত গবেষণা প্রতিবেদন গ্রহণ ও অনুমোদন।

১১. **গবেষণা কার্যক্রমের মেয়াদ**

গবেষণা কার্যক্রমের মেয়াদ সাধারণভাবে ১ (এক) বছরের মধ্যে সীমিত থাকবে। তবে গবেষকের আবেদনের পরিপ্রেক্ষিতে এই সময়সীমা (আর্থিক সংশ্লেষ ব্যতীত) সর্বোচ্চ কেবল-৬(ছয়) মাস একবার বৃদ্ধি করতে পারবে।

১২. **গবেষণা স্বত্ব**

ইনস্টিটিউট কর্তৃক পরিচালিত সকল গবেষণা স্বত্ব ইনস্টিটিউটের নিকট ন্যস্ত থাকবে।

১৩. **গবেষণার ফলাফল প্রচার**

গবেষণা লব্ধ ফলাফল ইনস্টিটিউট সংরক্ষণ করবে এবং যথাযথ ব্যবহার নিশ্চিতকরণে গবেষণার ফলাফল বিভিন্ন মাধ্যমে প্রচার ও প্রসারের বিষয়ে ইনস্টিটিউট সিদ্ধান্ত গ্রহণ করবে।

১৪. **গবেষণা কার্যক্রমে অর্থ প্রদান, হিসাব সংরক্ষণ ও সমন্বয়করণ**

গবেষণা কার্যক্রমের অনুমোদিত বাজেট নিম্নোক্তভাবে ৩ (তিন) কিস্তিতে (৪০%+৩০%+৩০%) শর্তসাপেক্ষে প্রদেয় হবে। প্রারম্ভিক প্রতিবেদন (Inception Report) প্রাপ্তির পর বরাদ্দকৃত বিভাজন অনুযায়ী তহবিলের ১ম কিস্তির টাকা ছাড় করা যাবে। ১ম কিস্তিতে ছাড়কৃত অর্থে সম্পাদিত গবেষণা কার্যক্রম সন্তোষজনক প্রতীয়মান হওয়া সাপেক্ষে ২য় কিস্তির এবং চূড়ান্ত প্রতিবেদন দাখিলের পর ৩য় কিস্তির টাকা ছাড় করা হবে।

| কিস্তি | পরিমাণ (অনুমোদিত বাজেটের %) | অর্থ ছাড়ের শর্তাবলী |
|---|---|---|
| প্রথম | ৪০% | ১। প্রারম্ভিক প্রতিবেদন জমা (ইনসেপশন রিপোর্ট জমা) |
| দ্বিতীয় | ৩০% | ২। কাজের অগ্রগতি প্রতিবেদন উপস্থাপন |
| তৃতীয় | ৩০% | ৩। চূড়ান্ত প্রতিবেদন, উপস্থাপন এবং অনুমোদন |

১৫. **গবেষণা কার্যক্রমে নিয়োজিত গবেষকদের লিখিত সম্মতি-জ্ঞাপন পত্র**

(ক) গবেষণা কার্যক্রমের জন্য নির্বাচিত গবেষকগণ এই মর্মে লিখিত সম্মতিপত্র জ্ঞাপন করবেন যে তাঁরা নির্দিষ্ট সময়ে সংশ্লিষ্ট গবেষণার কাজ সম্পাদন করবেন।

(খ) কোনো গবেষক গবেষণা অসম্পূর্ণ রেখে গবেষণা থেকে অব্যাহতি নিলে গৃহীত সম্মানী (যদি গ্রহণ করে থাকেন) ফেরত না দিলে প্রচলিত আইন অনুযায়ী (PDR Act,1913 অনুযায়ী) ব্যবস্থা গ্রহণ করা যাবে।

১৬. **সাধারণ শর্তাবলি**

(ক) গবেষণা কার্যক্রমের প্রস্তাব অবশ্যই সুনির্দিষ্ট ফরমে ৫ (পাঁচ) কপি দাখিল করতে হবে। এ সংক্রান্ত ফরম কবি নজরুল ইনস্টিটিউট ওয়েবসাইট থেকে ডাউনলোড করা যাবে (www.nazrulinstitute.gov.bd)।

(খ) একজন ব্যক্তি/প্রতিষ্ঠান/গবেষক গবেষণার একটি ক্ষেত্রের জন্য বরাদ্দ পাবেন।

(গ) এই বরাদ্দ হতে যানবাহন, আসবাবপত্র, ফ্রিজ, এয়ারকুলার অথবা এ ধরনের যন্ত্রপাতি ক্রয় এবং ভৌত কার্য সম্পাদন করা যাবে না।

(ঘ) চুক্তিবদ্ধ বরাদ্দ থেকে স্বল্পমূল্যের যন্ত্রপাতি, খুচরা যন্ত্রাংশ ও গবেষণা সংশ্লিষ্ট ব্যয় নির্বাহের জন্য প্রয়োজনে কিছু অর্থ (মোট বরাদ্দের সর্বোচ্চ ১০%) ব্যয় করা যাবে।

(ঙ) গবেষণা কার্যক্রম বাস্তবায়নকালে ত্রুটি বা কোনো ব্যত্যয় পরিলক্ষিত হলে পরবর্তীকালে সংশ্লিষ্ট গবেষকদের প্রস্তাব বিবেচনার অযোগ্য হবে।

(চ) এই গবেষণা কার্যক্রমের অধীনে গ্রহণকৃত বরাদ্দের সাথে সম্পর্কিত নথি এবং হিসাবসমূহ প্রচলিত পদ্ধতিতে নিরীক্ষিত হবে।

(ছ) এই মঞ্জুরি দ্বারা সম্পাদিত গবেষণা কাজের উপর প্রকাশনায় আর্থিক অনুদানের বিষয়টি উল্লেখ (acknowledge) করতে হবে।

(জ) এই গবেষণার নিয়মিত কাজগুলো সম্পাদনের জন্য কোনো জনবল নিয়োগ করা যাবে না। শুধু মাঠকর্ম, তথ্য সংগ্রহ, বিশ্লেষণের জন্য কর্মসূচির প্রস্তাবনায় সুনির্দিষ্টভাবে উল্লেখ করা থাকলে নির্দিষ্ট সময়ের জন্য দৈনিক মজুরি ভিত্তিক নিয়োগ করা যাবে তবে সেই জনবল কোনো ভাবেই সরকারি কর্মকর্তা/কর্মচারী হিসেবে গণ্য হবে না।

(ঝ) গবেষণা কার্যক্রম সম্পর্কিত কর্মসূচি নির্বাচিত হবার পর, সংশ্লিষ্ট গবেষক সরকার নির্ধারিত মূল্যের নন-জুডিসিয়াল স্ট্যাম্পে একটি চুক্তি সম্পাদন করবেন। **কেবল চুক্তি সম্পাদনের পর অর্থ ছাড় করা হবে।**

(ঞ) গবেষণা কার্যক্রম সম্পর্কিত কর্মসূচি সফল বাস্তবায়নের লক্ষ্যে গঠিত কমিটিসমূহের সদস্যদের সম্মানী, নিরীক্ষা (Audit) ও বিজ্ঞাপনসহ অন্যান্য ব্যয় গবেষণা খাতের বরাদ্দকৃত অর্থ থেকে নির্বাহ করা হবে।

(ট) গবেষকগণ কর্মরত হলে তাদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে গবেষণা কার্যক্রমের প্রস্তাব জমা প্রদান করবেন।

(ঠ) এই নীতিমালার আওতায় গবেষণা মঞ্জুরি প্রাপ্ত ব্যক্তি/প্রতিষ্ঠান সরকারি বিধি মোতাবেক সকল প্রকার কর পরিশোধ করবে।

(ড) গবেষণার ফলাফল (Impact) পরিবীক্ষণ ও মূল্যায়ন কমিটি কর্তৃক মূল্যায়িত হবে।

(ঢ) যদি কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান ছাড়কৃত অর্থ যথাযথভাবে গবেষণা সংশ্লিষ্ট কাজে ব্যবহার না করেন কিংবা অনিয়ম বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করেন, তাহলে ব্যক্তি/প্রতিষ্ঠানের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়া যাবে।

১৭. **নীতিমালার পরিবর্তন**

সময়ের পরিবর্তন কিংবা উদ্ভূত পরিস্থিতি মোকাবেলায় সরকার কবি নজরুল ইনস্টিটিউটের গবেষণা নীতিমালা পরিবর্তন, পরিমার্জন ও পরিবর্ধনের ক্ষমতা সংরক্ষণ করেন।